



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

web:www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৩৯/৭৬/২/১৭(১৯)

তারিখঃ ১১-০৩-২০১৯ খ্রি:

বিষয়ঃ ২০১৮-২০১৯ বর্ষের আন্তঃকলেজ ভলিবল (ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে

জনাব,

আদিষ্ট হয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানান যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর আয়োজিত ২০১৮-২০১৯ বর্ষের আন্তঃকলেজ ভলিবল (ছাত্রী) প্রতিযোগিতা আগামী ১৪-০৩-২০১৯ হতে ১৬-০৩-২০১৯ পর্যন্ত যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, যশোর এর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ফিক্সচার অনুযায়ী নিজ কলেজ দলের খেলার আগের দিন খেলোয়াড় ও নিম্নলিখিত কাগজপত্রসহ ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজের অধ্যক্ষ/পরিচালনা কমিটির নিকট রিপোর্ট করতে হবে।

- ১। মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র
- ২। মাধ্যমিক পরীক্ষার মূল নিবন্ধন রসিদ
- ৩। অধ্যক্ষ কর্তৃক মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি
- ৪। খেলোয়াড় নিবন্ধন ও এন্ট্রি ফরমের কলেজ কপি
- ৫। সংশ্লিষ্ট খেলোয়াড়দের অধ্যক্ষ কর্তৃক Online Student ID সত্যায়িত ফটোকপি

পত্রে উল্লেখিত কোন কাগজপত্র প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট খেলোয়াড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। ২৫-১০-২০১৮ খ্রি. তারিখের স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৯/৬৮(২য়)/১০(৫৯৫) পত্রে উল্লেখিত (আঞ্চলিক ও চূড়ান্ত পর্বের) আর্থিক সুযোগ সুবিধা মোতাবেক আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজ দলের ১২(বার) জন খেলোয়াড় এবং ১(এক) জন শিক্ষক প্রতিনিধি নির্ধারিত ডি, এ, ও প্রকৃত যাতায়াত ভাড়া প্রাপ্য হবেন। কোন খেলোয়াড় ফিক্সচার অনুযায়ী খেলার দিন নির্ধারিত সময়ে যাচাই কমিটির সামনে উপস্থিত না হলে এবং খেলার সময় অনুপস্থিত থাকলে উক্ত খেলোয়াড় টি, এ ও ডি, এ প্রাপ্য হবে না।


২০১৭ ও ২০১৮ বর্ষে এস, এস, সি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রী যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে যশোর শিক্ষা বোর্ডের অধীনে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করছে কেবলমাত্র তারাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, যে সকল কলেজ শিক্ষা বোর্ড হতে ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি সংগ্রহ করেনি, সে সকল কলেজসমূহকে ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কলেজ থেকে তা সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল।

অত্রসাথ খেলার ফিক্সচার সংযুক্ত করা হল।

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন ২০১৮-২০১৯ বর্ষের আন্তঃকলেজ ভলিবল (ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজ

আপনার বিশ্বস্ত



(আ, ফ, ম, আশাফুদ্দৌলা)  
ক্রীড়া অফিসার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
ফোন : ০৪২১-৬৫৫১৭  
মোবাইল : ০১৭৩৩-২২২০১৪

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৩৯/৭৬/২/১৭(১৯)

তারিখঃ ১১-০৩-২০১৯ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর( বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। সচিব মহোদয়ের স্টেনোগ্রাফার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। সংশ্লিষ্ট নথি।

আপনার বিশ্বস্ত

(আ, ফ, ম, আশাফুদ্দৌলা)  
ক্রীড়া অফিসার  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


web:www.jessoreboard.gov.bd

আন্তঃকলেজ ভলিবল (ছাত্রী) প্রতিযোগিতা ২০১৮-২০১৯

আয়োজনে : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ব্যবস্থাপনায় : যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, ডাক: যশোর শিক্ষা বোর্ড-৭৪০১

ফিক্চার



বাইলজ :

- ১) অংশগ্রহনকারী কলেজের শিক্ষক প্রতিনিধিকে খেলোয়াড়সহ ফিক্চার অনুযায়ী খেলার আগের দিন ব্যবস্থাপনার দায়িত্ব প্রাপ্ত কলেজের অধ্যক্ষের নিকট রিপোর্ট করতে হবে।
- ২) খেলার বিষয়ে কোন আপত্তি থাকলে খেলা শেষ হওয়ার ৩০ মিনিটের মধ্যে ৫০০.০০(পাঁচশত) টাকা ফি সহ পরিচালনা কমিটির বরাবর আবেদন করতে হবে।
- ৩) কোন দল নির্ধারিত সময়ে মাঠে উপস্থিত না হলে রেফারী অভিরিক্ত ১৫ মিনিট অপেক্ষা করে উপস্থিত দলকে ওয়াক ওভার প্রদান করবে।
- ৪) রোটেশন পদ্ধতিতে খেলা অনুষ্ঠিত হবে। ১ম ও ২য় সেট ২৫ এ এবং ৩য় সেট ১৫ তে অনুষ্ঠিত হবে, তবে ৮ পয়েন্টের সময় দলকে কোর্ট পরিবর্তন করতে হবে। প্রতিটি সেটের ক্ষেত্রে পয়েন্টের সমতা হলে, ২(দুই) পয়েন্ট অগ্রগামী না হওয়া পর্যন্ত খেলা চলতে থাকবে। সেক্ষেত্রে ২৯ পয়েন্ট কভার হলে খেলা শেষ হবে।
- ৫) খেলায় অংশগ্রহনের সময় অংশগ্রহনকারী কলেজের খেলোয়াড়দের নম্বরসহ খেলার পোষাক পরিধান করতে হবে।
- ৬) বাংলাদেশ ভলিবল ফেডারেশনের নিয়মানুযায়ী খেলা পরিচালিত হবে। তবে প্রতিযোগিতা সংক্রান্ত সকল অভিযোগের বিষয়ে খেলা পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(আ, ফ, ম, আশাফুদৌলা)

ক্রীড়া অফিসার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোনাঃ ০৪২১-৬৫৫১৭

মোবাঃ ০১৭৩৩-২২২০১৪

বিঃ দ্রঃ ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজের যোগাযোগ নম্বর

অধ্যক্ষ : ০১৭০১-২৮৮০০১ শরীরচর্চা শিক্ষক : ০১৭৯০-৯৬৫০৪৫